

13 OCT 2022

RECEIVED  
Initial.....

## The Federation of Bangladesh Chambers of Commerce and Industry

১০ অক্টোবর ২০২২

এফবিসিসিআই/জিএডি /২০২২/১০০৬

পরিচালক, এফবিসিসিআই এবং

প্রেসিডেন্ট/চেয়ারম্যান

সকল চেম্বার এবং এসোসিয়েশন, এফবিসিসিআই

*Circular*  
*10/10/2022***বিষয়: "১০ম জাতীয় এসএমই পণ্যমেলা-২০২২" এ অংশগ্রহণ এবং স্টল বুকিং প্রসঙ্গে**

মহোদয়,

আসসালামু আলাইকুম।

এফবিসিসিআই পক্ষ হতে শুভেচ্ছা।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসএমই ফাউন্ডেশন অতিক্রম (মাইক্রো), ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিক্রয় প্রচার ও প্রসারসহ দেশ বিদেশের ক্রেতাদের সাথে যোগাযোগ ও সংযোগস্থাপনে সহায়তা প্রদানের লক্ষ্যে প্রতিবছর ঢাকায় "জাতীয় এসএমই পণ্যমেলা" আয়োজন করে। এ ধারাবাহিকতায় আগামী ২৪ নভেম্বর-০৩ ডিসেম্বর ২০২২ সময়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ১০ম জাতীয় এসএমই পণ্যমেলা'র আয়োজন করা হয়েছে।

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত এই মেলায়- সারাদেশের লাইট ইঞ্জিনিয়ারিং, প্লাস্টিক, ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স, চামড়া ও পাটজাত পণ্য, কৃষি ও খাদ্য প্রক্রিয়াজাতকরণ, সিরামিক, হস্তশিল্প, কসমেটিক্স ও হারবাল, ফ্যাশন ডিজাইন, হেরিটেজ ও পরিবেশবান্ধব ইত্যাদি পণ্য উৎপাদনের সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাসহ অগ্রাধিকারভুক্ত সেক্টর ও ক্লাস্টারের উদ্যোক্তাগণ অংশগ্রহণ করেন। মেলায় অংশগ্রহণের মাধ্যমে উদ্যোক্তাদের পণ্য বিক্রয়ের পাশাপাশি ক্রেতাদের সাথে যোগাযোগ ও সুসম্পর্ক স্থাপন, ভবিষ্যতে সরবরাহের জন্য কার্যাদেশপ্রাপ্তি এবং নিজেদের মধ্যে আন্তঃযোগাযোগ ও নেটওয়ার্কিং স্থাপন হয়। উল্লেখ্য, মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী।

মেলায় ৮ ফুট X ৮ ফুট (৬৪ বর্গফুট) সাইজের ৩০০টি স্টল থাকবে এবং প্রতিটি স্টলের ভাড়া ২০,০০০/- টাকা (কর্ণার স্টলের জন্য অতিরিক্ত ৫০০০/-টাকা পরিশোধ করতে হবে)। আবেদনপত্র এসএমই ফাউন্ডেশনের ওয়েবসাইট ([www.smef.gov.bd](http://www.smef.gov.bd)) ও ফাউন্ডেশন কার্যালয়ে পাওয়া যাবে। আবেদনপত্র জমা দেয়ার সর্বশেষ সময়সীমা ২০ অক্টোবর ২০২২ বৃহস্পতিবার বিকাল ৫.০০ টা।

মেলায় এফবিসিসিআই এর সদস্য উদ্যোক্তাদের অনুকূলে নির্দিষ্ট সংখ্যক স্টল' অগ্রাধিকারভিত্তিতে বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এমতাবস্থায়, "১০ম জাতীয় এসএমই পণ্যমেলা-২০২২" এ অংশগ্রহণ এবং স্টল বুকিং এর জন্য আগামী ২০ অক্টোবর ২০২২ এর মধ্যে যথানিয়মে পূরণকৃত আবেদনপত্র (পে-অর্ডার ও অন্যান্য ডকুমেন্টস) এসএমই ফাউন্ডেশন কার্যালয়ে প্রেরণের জন্য সবিশেষ অনুরোধ করা হল। এ বিষয়ে প্রয়োজনীয় তথ্যের জন্য জনাব এস এম রিয়াদ হাসান, মোবাইল: ০১৮৬০৩৮৮৮৭ এবং জনাব মোঃ নাজমুল হাসান, মোবাইল: ০১৬৭৫০০৯৬৮৯ নম্বরে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

মোহাম্মদ মাহফুজুল হক

মহাসচিব